# ইরান-যুক্তরাষ্ট্র সংঘাতে সেনা পাঠাবে না দক্ষিণ কোরিয়া



ছবি: সংগৃহীত

ইরানে যুক্তরাষ্ট্রের চলমান সামরিক অভিযানে কোনো সেনা পাঠাবে না দক্ষিণ কোরিয়া। দেশটির প্রেসিডেন্ট লি জে-মিয়ং জানিয়েছেন, এমন কোনো সামরিক পদক্ষেপে সিউল অংশ নেবে না, যাতে দক্ষিণ কোরিয়া সরাসরি সংঘাতে জড়িয়ে পড়ে।

এক সংবাদ সম্মেলনে তিনি এ অবস্থান জানান। একই সঙ্গে দক্ষিণ কোরিয়ার বাণিজ্যিক জাহাজ ও জ্বালানি পরিবহনের গুরুত্বপূর্ণ নৌপথের নিরাপত্তা নিশ্চিত করতে প্রয়োজনীয় ন্যূনতম ব্যবস্থা নেওয়া হবে বলেও জানান প্রেসিডেন্ট লি। খবর সংস্থা ইয়োনহাপের।

হরমুজ প্রণালিতে দক্ষিণ কোরিয়ার সামরিক উপস্থিতির সম্ভাবনা নিয়ে সাম্প্রতিক সময়ে দেশটিতে রাজনৈতিক চাপ ও জনমত তৈরি হয়েছে। বিষয়টি নিয়ে বিক্ষোভও হয়েছে। এর মধ্যেই প্রেসিডেন্ট লির বক্তব্যে মধ্যপ্রাচ্যের সংঘাতে সরাসরি সামরিক সম্পৃক্ততা এড়িয়ে চলার অবস্থান স্পষ্ট হলো।

তবে একই সঙ্গে দক্ষিণ কোরিয়ার বাণিজ্যিক কার্যক্রম ও জ্বালানি সরবরাহের জন্য গুরুত্বপূর্ণ সমুদ্রপথগুলো নিরাপদ রাখার ওপর গুরুত্ব দেওয়ার কথাও জানিয়েছে সরকার।